



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

Bangladesh Agricultural Research Institute

Gazipur-1701



PABX : 02-49270041-8
Phone : 02-49270000
Fax No. : 88-02-49270201
E-mail : dg.bari@bari.gov.bd
Web : www.bari.gov.bd

স্মারক নং- ১২.২১.০০০০.০০৫.৬২.০০৩.১৮.৪৯৫৩

তারিখ: ১৪-০৩-২০২২ খ্রি.

আইন উপদেষ্টা (খন্ডকালীন) পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

মাসিক পাঁচ হাজার টাকা “রিটেইনার ফি” এর ভিত্তিতে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে দুই বছরের জন্য একজন আইন উপদেষ্টা (খন্ডকালীন) নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই নিম্নোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হতে হবেঃ-

- ১) একজন আইনজীবী হিসেবে ৫ (পাঁচ) বৎসরের হাইকোর্ট ডিভিশনে কাজ করার অভিজ্ঞতাসহ কমপক্ষে ১০ (দশ) বৎসরের প্রাকটিসের অভিজ্ঞতা এবং আপিল বিভাগে মামলা পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে;
- ২) সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন ও আপিল বিভাগে মামলা পরিচালনার সনদপত্র;
- ৩) আইন পেশায় নিয়োজিত অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণও আবেদন করতে পারবেন।

ইচ্ছুক প্রার্থীদেরকে সাদা কাগজে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) বয়স (জন্ম তারিখসহ) (জ) প্রাকটিস আরম্ভ করার তারিখ (ঝ) কোর্টের নাম (দেওয়ানী/ফৌজদারী/রিট/রিভিশন/কনটেম্পট/আপিল/রিভিউ/বিবিধ) উল্লেখসহ বিস্তারিত বিবরণ এবং সম্প্রতি তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে আবেদন করতে হবে।

ইনস্টিটিউটের পক্ষে পরিচালিত নিম্ন ও উচ্চ আদালতে মামলার হাজিরা, জবাব দাখিল, শুনানী, প্লেইন্ট এর খসড়া তৈরী ও দাখিল, কনটেম্পটের জবাব দাখিল, আপিল ও রিভিউ দাখিল, আপিল ও রিভিউ এর জবাব দাখিল, নথিতে মতামত প্রদান ইত্যাদি বিষয়ে দাবীকৃত ফিসের হার আইটেম-ওয়ারী আবেদনপত্রের সাথে উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনটি অসম্পূর্ণ বলে বিবেচিত হবে। আবেদনকারীকে হাইকোর্টে চেম্বার, সহকারী ও অন্যান্য সুবিধা প্রদানে সক্ষম হতে হবে এবং আবেদনে তা উল্লেখ করতে হবে।

আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১ বরাবরে আগামী ০৩-০৪-২০২২খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, ইতঃপূর্বে বারি'র স্মারক নং- ১২.২১.০০০০.০০৫.৬২.০০৩.১৮.৩৩০০; তারিখ ১৫-১২-২০২১ মোতাবেক ১৭ ডিসেম্বর, ২০২১ তারিখে দৈনিক পত্রিকায় প্রকাশিত আইন উপদেষ্টা (খন্ডকালীন) নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মো. মাহমুদুল হাসান)

সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (চ.দা)

মহাপরিচালকের পক্ষে

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১